AKASHVANI(AIR)

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 13-03-2026 **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) বর্ষীয়ান বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দলীয় কর্মসূচীতে অংশ নিতে আগামীকাল কলকাতায় আসছেন।

সফরকালে তিনি ১৮ হাজার ৬৮০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

২) সুপ্রিম কোর্টের নির্দেশ বকেয়া মহার্ঘ্য ভাতা অবিলম্বে মিটিয়ে দেওয়ার দাবিতে, রাজ্যে বেশ কয়েকটি কর্মচারী সংগঠনের ডাকা ধর্মঘট চলছে।

৩) রাষ্ট্রপতিকে অবমাননার জন্য রাজ্যের মুখ্য সচিব ও রাজ্য পুলিশের ডিজির বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিতে রাজ্যপালের হস্তক্ষেপ দাবি করেছে বিজেপি।

৪) আসন্ন বিধানসভা নির্বাচনে নজরদারি ব্যবস্থাকে আরও জোরদার করতে রাজ্যে পর্যবেক্ষকদের সংখ্যা বাড়ানো হচ্ছে।

oooooooooooooooooo

বর্ষিয়ান বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দলীয় কর্মসূচিতে অংশ নিতে আগামীকাল কলকাতায় আসছেন।। দলীয় সূত্রে জানা গেছে, চলতি মাসের এক তারিখ থেকে বিজেপির যে পরিবর্তন যাত্রা কর্মসূচি শুরু হয়েছিল সেই কর্মসূচির সমাপ্তি উপলক্ষে প্রধানমন্ত্রী আগামীকাল ব্রিগেড ময়দানে জনসভায় বক্তব্য রাখবেন । পাশাপাশি একটি সরকারি অনুষ্ঠানেও প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন।

এদিকে প্রধানমন্ত্রীর জনসভার জন্য ব্রিগেড ময়দানে মঞ্চ বাধার প্রস্তুতি এখন তুঙ্গে । বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য একটু আগে সভাস্থল পরিদর্শন করেন এবং মঞ্চ বাধার কাজ খতিয়ে দেখেন।

oooooooooooooooooooo

সফরকালে তিনি কলকাতায় ১৮ হাজার ৬৮০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে আছে ১৬ হাজার ৯৯০ কোটি টাকা মূল্যের ৪২০ কিলোমিটারের'ও বেশী দৈর্ঘের বেশ কয়েকটি জাতীয় সড়ক প্রকল্প। শ্রী মোদী, জাহাজ ও বন্দর সংক্রান্ত কয়েকটি প্রকল্পের'ও উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

এছাড়াও প্রধানমন্ত্রী পুরুলিয়া-আনন্দবিহার এক্সপ্রেস ট্রেনের যাত্রা শুরুর সঙ্কেত দেবেন, 'অমৃত ভারত স্টেশন প্রকল্পে'র আওতায় পুনর্গঠিত ছ'টি স্টেশনের'ও উদ্বোধন করবেন তিনি। পশ্চিম মেদিনীপুরের বেলদা ও দাঁতনের মধ্যে ১৬ কিলোমিটার দীর্ঘ তৃতীয় রেল লাইন এবং কলাইকুন্ডা ও কানিমহুলির মধ্যে স্বয়ংক্রিয় ব্লক সিগনালিং ব্যবস্থাও জাতির উদ্দেশে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশে বকেয়া মহার্ঘ ভাতা মিটিয়ে দেওয়া সহ একাধিক দাবিতে রাজ্য সরকারি কর্মচারীদের বেশ কয়েকটি সংগঠন এর ডাকে আজ বিভিন্ন সরকারি ও আধা সরকারি দপ্তরে কর্মীদের একাংশ কর্মবিরতিতে যোগ দিয়েছেন। নব মহাকরণ, খাদ্য

ভবন, মহাকরণ, সুন্দরবন উন্নয়ন পর্ষদ, বিকাশ ভবন এর মতো সরকারি অফিসগুলিতে আজ সকালে তারা প্ল্যাকার্ড, ফেস্টুন নিয়ে মিছিল করে অবস্থান বিক্ষোভ করেন। বেশ কয়েকটি জায়গায় ধর্মঘটকারীদের উপরে শাসকদলের তরফে আক্রমণ করা হয়েছে বলে সরকারি কর্মচারীদের যৌথ সংগঠন সংগ্রামী যৌথ মঞ্চের তরফে অভিযোগ করা হয়েছে। তবে আজ রাজ্য সচিবালয় নবান্নে কর্মীদের উপস্থিতির হার স্বাভাবিক রয়েছে বলে তৃণমূল কংগ্রেস প্রভাবিত পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশনের তরফে দাবি করা হয়েছে। এইদিকে আজকের ধর্মঘটে রাজ্য সরকার সব সরকারি কর্মচারীদের ছুটি বাতিল করেছে।

oooooooooooooooooooo

বকেয়া মহার্ঘভাতা প্রদান বিষয়ে সুপ্রিম কোর্টের রায়কে কার্যকরী করার দাবিতে শিক্ষক, শিক্ষাকর্মী ও কর্মচারীদের ধর্মঘটে আজ সকালে বাঁকুড়াতে বিক্ষোভে সামিল হয় সংগ্রামী যৌথমঞ্চ ও অন্যান্য সংগঠন এর সদস্যরা। বাঁকুড়া জেলা শাসকের দপ্তরের সামনে সকাল থেকেই পিকেটিং শুরু করেন বিক্ষোভকারীরা।

oooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের রায় মেনে অবিলম্বে বকেয়া মহার্ ভাতা (DA) প্রদান এবং অনিয়মিত শিক্ষক-শিক্ষাকর্মীদের স্থায়ীকরণের দাবিতে মুর্শিদাবাদের ফারাক্কাতেও ধর্মঘটে ব্যাপক প্রভাব পড়েছে। নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির (ABPTA) ফারাক্কা চক্রের পক্ষ থেকে আয়োজিত এই কর্মসূচিতে শামিল হয়ে আন্দোলনকারী শিক্ষক অপূর্ব সরকার জানান, "সরকার বিভিন্ন খাতে অনুদান দিলেও আমাদের ন্যায্য পাওনা বকেয়া ডিএ দিচ্ছে না। অনেক স্কুলে শিক্ষকের অভাবে পঠনপাঠনও থমকে গেছে। নতুন নিয়োগও বন্ধ।

এদিনের ধর্মঘটের জেরে অফিস, আদালত, স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে হাজিরা যথেষ্ট কম। অনেক জায়গায় গেটে তালা ঝুলিয়ে বিক্ষোভ দেখাচ্ছেন কর্মীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

মহার্ঘভাতার দাবিতে রাজ্য সরকারি কর্মচারীদের ডাকা বন্ধে কলকাতা হাইকোর্ট কার্যত স্তব্ধ হয়ে গেছে। বহু কর্মচারী অনুপস্থিত, রয়েছে এবং কিছু কর্মচারী হাইকোর্টে উপস্থিত হলেও স্বাক্ষর করেন নি ।প্রধান বিচারপতি সুজয় পাল এজলাসে বসলেও কোর্ট অফিসাররা আসেন নি। অন্য দিনের তুলনায় আইনজীবীদের উপস্থিতির হারও কম।

০০০০০০০০০০০০০০০০০০০০

পুরুলিয়ায় বকেয়া মহার্ঘভাতা প্রদান, শূন্য পদে কর্মী নিয়োগ সহ বেশ কয়েকটি দাবী নিয়ে আজ ধর্মঘটে সামিল হয়েছে সংগ্রামী যৌথ মঞ্চ। পুরুলিয়া জেলা শাসকের দপ্তরে এবং জেলা শিক্ষা দপ্তরে ধর্মঘটকে কেন্দ্র করে তৃণমূল কর্মী সমর্থক ও ধর্মঘট কারীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

একদিকে সংগ্রামী যৌথ মঞ্চে সদস্যরা ধর্মঘটের সমর্থনে সরকারি কর্মীদের দপ্তরে প্রবেশে বাধা দেয়। তৃণমূলের কর্মী সমর্থকরা সেখানে উপস্থিত হয়ে ধর্মঘটের বিপক্ষে সামিল হয়ে সরকারি কর্মীদের প্রবেশের সুযোগ করে দেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতিকে অবমাননার জন্য রাজ্যের মুখ্য সচিব ও রাজ্য পুলিশের ডিজির বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিতে রাজ্যপালের হস্তক্ষেপ দাবি করেছে বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ লোকভবনে রাজ্যপালের সঙ্গে দেখা করে এই আর্জি জানান। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, এই ঘটনার জন্য মুখ্য সচিব ও রাজ্য পুলিশের ডিজিকে পদ থেকে সরিয়ে দেওয়া উচিত। তাঁর অভিযোগ রাজ্যে রাষ্ট্রপতির প্রতি সামান্য প্রোটোকলও মানা হয় না।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনে নজরদারি ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে রাজ্যে পর্যবেক্ষকের সংখ্যা বাড়ানো হচ্ছে। সাধারণ পর্যবেক্ষক এবং পুলিশ পর্যবেক্ষকের সংখ্যা দু- তিনগুণ পর্যন্ত বাড়তে পারে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। তবে ব্যয় পর্যবেক্ষকের সংখ্যা বৃদ্ধির কোনও প্রস্তাব নেই। ২০২১ সালে রাজ্যের সর্বশেষ নির্বাচনে ১৬২ জন সাধারণ পর্যবেক্ষক ছিলেন। নির্বাচন কমিশনের নির্দেশ মতো এবার রাজ্যের ২৯৪ টি বিধানসভার প্রত্যেকটির জন্যই আলাদা আলাদা পর্যবেক্ষক নিয়োগ করার প্রস্তুতি চলেছে। নজরদারি বাড়াতে এবার ওয়েবকাস্টিং ব্যবস্থাকেও ঢেলে সাজাচ্ছে কমিশন। রাজ্যের ৮০ হাজারের বেশি বুথের প্রত্যেকটিতেই, এবার থাকবে ওয়েব কাস্টিং বা বুথের ছবির সরাসরি সম্প্রচার। রাজ্যের মুখ্যনির্বাচনী আধিকারিকের দফতরে বসেই দেখতে পারবেন কমিশনের আধিকারিকরা। বুথের ভিতরের পাশাপাশি বাইরের ছবিও সম্প্রচার করা হবে। কালিয়াগঞ্জের উপনির্বাচনে পরীক্ষামূলকভাবে এই ব্যবস্থা চালু করা হয়েছিল। বিধানসভা ভোটে সব বুথেই এই ব্যবস্থা থাকবে। পাশাপাশি ভ্রাম্যমান গাড়িতে ৩৬০ ডিগ্রি ঘুরতে পারে এমন ক্যামেরার মাধ্যমে ভোট প্রক্রিয়ার উপর সরাসরি নজরদারি চালানো হবে।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকার এক বিজ্ঞপ্তি জারি করে নাগরিকদের রান্নার গ্যাস এবং পেট্রোল ডিজেলের মতো পণ্যদ্রব্য বিবেচনা করে ব্যবহারের আহ্বান জানিয়েছে। এক বিবৃতিতে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, দেশে পর্যাপ্ত রান্নার গ্যাস মজুত আছে। তবে পশ্চিম এশিয়ায় সংঘাতের কারণে সেখানকার পরিস্থিতি এখনও স্বাভাবিক নয়। এই অনিশ্চয়তার প্রেক্ষাপটে সরবরাহ দফতর জনসাধারণকে রান্নার গ্যাস ও অন্যান্য পেট্রোলিয়াম দ্রব্যসামগ্রী সংযত ভাবে ব্যবহার করার পরামর্শ দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাজারে গ্যাসের যোগান খতিয়ে দেখা এবং কালোবাজারি হচ্ছে কিনা তা বুঝতে বর্ধমান শহর সহ জেলার ২০-টি জায়গায় অভিযান চালিয়েছে জেলা এনফোর্সমেন্ট ব্রাঞ্চ। গ্যাসের ডিলারের দফতর ও গুদামে গতকাল অভিযান চালানো হয়। গুদামে হিসাবের বেশি সিলিন্ডার মজুত করে রাখা আছে কিনা, গ্রাহকদের কাছে বেশি দাম নেওয়া হচ্ছে কিনা, এই সব বিষয় নিয়ে খোঁজ খবর নেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদে, এলপিজি সিলিন্ডারের কালোবাজারি চলছে বলে অভিযোগ।

গ্যাস সংকটের গুজবের জেরে ডোমেস্টিক ও কমার্শিয়াল সিলিন্ডারের জন্য অতিরিক্ত দাম নেওয়া হচ্ছে। অসাধু ব্যবসায়ীরা, একটি গ্যাস সিলিন্ডার ৯৬০ টাকার পরিবর্তে ১'হাজার ১০০ থেকে ১'হাজার ১৫০ টাকা নিচ্ছে । কমার্শিয়াল সিলিন্ডারে এক একটি সিলিন্ডার পিছু নেওয়া হচ্ছে অতিরিক্ত ৩০০টাকা পর্যন্ত ।

যার ফলে নাজেহাল হোটেল ও রেস্তরাঁ ব্যবসায়ীরা। সমস্যায় পড়ছে সাধারণ মানুষও।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ব্যবসায়ীদের উন্নয়নে রাজ্য সরকার একটি উন্নয়ন পর্ষদ গঠন করেছে।মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সামাজিক মাধ্যমে জানিয়েছেন ,ওয়েস্ট বেঙ্গল ট্রেডার্স ওয়েলফেয়ার বোর্ড ব্যবসায়ীদের সঙ্গে নিয়মিত কথা বলে সরকারের সঙ্গে সমন্বয় রক্ষা করবে। ব্যবসায়ীদের সংগঠন কনফেডারেশন অফ ওয়েস্ট বেঙ্গল ট্রেডার্স অ্যাসোসিয়েশনের সভাপতির নেতৃত্বে তৈরি এই পর্ষদে রাজ্যের সব জেলার প্রতিনিধি থাকবে বলেও তিনি জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

তপশিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত জনজাতির উন্নয়নে রাজ্য সরকার পাঁচটি নতুন সংস্কৃতি উন্নয়ন পর্ষদ গঠন করেছে। মুখ্যমন্ত্রী মমতা

ব্যানার্জি আজ সামাজিক মাধ্যমে জানিয়েছেন মুন্ডা, কোরা, ডোম, কুম্ভকার এবং সদগোপ সম্প্রদায় ভুক্তদের আরো ভালো শিক্ষা, স্বাস্থ্য ও কর্মসংস্থানের সুযোগ করে দেওয়ার জন্য নতুন এই পর্ষদ গুলি তৈরি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কাশ্মীরে কর্মরত অবস্থায় এমাসের ১০ তারিখ শহীন হন দুর্গাপুরের বাসিন্দা সেনা জওয়ান অজয় জসওয়াল। পানাগড় থেকে সেনাবাহিনীর জওয়ানরা বীর শহীদের মরদেহ আজ সকালে দুর্গাপুরের মামরার বিদ্যাসাগর পল্লীর বাড়িতে নিয়ে যায়। সেনাবাহিনীর পক্ষ থেকে পুর্ণ মর্যাদায় দেশের বীর সন্তানকে শেষ শ্রদ্ধা জানানো হয়। শহীদকে শেষ শ্রদ্ধা জানাতে উপস্থিত ছিলেন দুর্গাপুরের মহকুমাশাসক সুমন বিশ্বাস সহ প্রশাসনের আধিকারিকরা। এছাড়া উপস্থিত ছিলন সমাজকর্মী চন্দ্র শেখর বন্দ্যোপাধ্যায়, অনিন্দিতা মুখোপাধ্যায়, উত্তম মুখোপাধ্যায় সহ বিশিষ্ট জনেরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা মঙ্গলে মহাকাশচারীদের পাঠানোর চেষ্টা চালাচ্ছে। কলকাতায় গতকাল নাসার বিজ্ঞানী ডক্টর গৌতম চট্টোপাধ্যায় জানিয়েছেন, মঙ্গল গ্রহ গিয়ে গবেষণা চালানো সহজ বিষয় নয়। তবে ওই গ্রহের অতীত ইতিহাস এবং সেখানে প্রাণী জগতের অস্তিত্ব রয়েছে কিনা সে বিষয়গুলি সম্পর্কে গবেষণা প্রয়োজন। পাশাপাশি চাঁদে গিয়েও গবেষণা করার জন্য উদ্যোগ নেওয়া হচ্ছে বলে শ্রী চট্টোপাধ্যায় জানিয়েছেন।

উল্লেখ্য তিনি গতকাল সন্ধ্যায় সায়েন্স সিটিতে নতুন ফুল ডোম থ্রি ডি ডিজিটাল চলচ্চিত্র 'ওয়ান স্টেপ বেয়ন্ড এ জার্নি অফ মার্স' ছবিটির প্রিভিউ প্রদর্শনীতে উপস্থিত ছিলেন। ন্যাশনাল কাউন্সিল অফ সায়েন্স মিউজিয়ামের মহা নির্দেশক অরিজিত দত্ত চৌধুরী এবং সায়েন্স সিটির অধিকর্তা প্রমোদ গ্রোভার প্রমুখ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ooooooooooooooooooo